

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৯৯.০০১.২১.১১৩

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮

১৪ নভেম্বর ২০২১

বিষয়: মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ২৯২১/২০২০, ১২/০৩/২০২০ ইং তারিখের আদেশে স্থিতাবস্থা মেনে যোগদান করতে না দেয়া এবং জ্যেষ্ঠতা লঙ্ঘন করে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝালকাঠী জেলার কাঠালিয়া উপজেলাধী 'শহীদ রাজা ডিগ্রী মহাবিদ্যালয়ে' অধ্যক্ষ জনাব মোঃ আবুল বসার (বাদশা)কে সরকারি নিয়ম-নীতি অনুসরণ করে ১৭/০৪/২০১৬ ইং তারিখে তাকে অধ্যক্ষ হিসেবে নিয়োগ প্রদান করা হয়। কিন্তু কলেজ কর্তৃপক্ষ গত ১০/০৩/২০২০ ইং তারিখে নিয়োগ বাতিল ও স্থায়ীভাবে বরখাস্ত করে।

জনাব মোঃ আবুল বসার (বাদশা) এর নিয়োগ বাতিল ও স্থায়ীভাবে বরখাস্ত করায় তিনি ক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৯২১/২০২০ মামলা দায়ের করেন। এ মামলায় ১২/০৩/২০২০ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

“Pending hearing of the Rule, the parties are directed to maintain status-quo in respect of possession and position of the petition for a period of 3 (three) months from date.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৯২১/২০২০ মামলার আদেশ অনুযায়ী আইনগত মতামত প্রদানসহ তার আবেদনের বিষয়ে কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে এ বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-১১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ইমেইল: law.section2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৯৯.০০১.২১.১১৩/১(৪)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৪-১১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব